বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

ফোনঃ ০২২২৩৩৮৩১৬৫
Email:
dgmrecovery@krishibank.org.bd

প্রকা/আদায়-২(১)/ নীতিমালা/২০২৫-২০২৬/৬৫১ তারিখ ঃ ০১-০৪-২০২৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

**বিষয়ঃ নির্বাচনী ইশতেহার, ২০২৬ অনুযায়ী অনূর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের সুদ ও আসল মওকুফ সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

শিরোনামের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩১/০৩/২০২৬ খ্রিঃ তারিখের স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.০০০.৩২১.২৮.০০০১.২৫.৪৪/১(২৫) এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত পত্র সকলের অবগতি এবং প্রয়োজনীয় নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

01/04/2026

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

প্রকা/আদায়-২(১)/ নীতিমালা/২০২৫-২০২৬/৬৫১(০৭) তারিখ ঃ ০১-০৪-২০২৬ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৭। নথি

০১/০৪/২৬

(মোঃ সোলায়মান)
সহকারী মহাব্যবস্থাপক

E:\Monitoring\2(1)\Endorsment.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
www.fid.gov.bd

বিষয়: নির্বাচনী ইশতেহার ২০২৬ অনুযায়ী অনূর্ধ্ব ১০ (দশ) হাজার টাকা কৃষি ঋণের সুদ ও আসল মওকুফ সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাজমা মোবারেক, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২৯.০৩.২০২৬ বেলা ৩.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-ক তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের অতিরিক্ত সচিব ড. দেলোয়ার হোসেন সভাকে অবহিত করেন যে, বিগত ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে ১০ হাজার টাকা পর্যন্ত সুদসহ কৃষি ঋণ মওকুফের প্রস্তাব অনুমোদিত হয়েছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী অর্থ বিভাগ হতে ১৫৬৭,৯৬,৩৩,৪৮০ ( এক হাজার পাঁচশত সাতষট্টি কোটি ছিয়ানব্বই লক্ষ তেত্রিশ হাজার চারশত আশি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ১০ হাজার টাকা পর্যন্ত সুদসহ কৃষি ঋণ মওকুফের সাথে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের মাধ্যমে মওকুফকৃত ঋণ পরিশোধের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক ঋণ মওকুফ প্রাপ্ত ঋণগ্রহীতাদের তথ্য যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নিরীক্ষাকার্য সম্পন্ন করবে। নিরীক্ষিত চূড়ান্ত হিসাব পর্যায়ক্রমে বাংলাদেশ ব্যাংক সরকারের নিকট প্রেরণ করবে, যার ভিত্তিতে নিরীক্ষিত অংশের দায় সরকার সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে পরিশোধ করবে। উল্লিখিত দায়সমূহ সরকার কর্তৃক গ্রহণের সাথে সাথে কৃষকের দায় সংশ্লিষ্ট কোন মামলা থাকলে তা ব্যাংক অবিলম্বে প্রত্যাহার করবে এবং কৃষক যাতে কোনোরকম হয়রানির শিকার না হয় তা নিশ্চিত করবে। মামলা প্রত্যাহার সংক্রান্ত তথ্যাবলি প্রতিমাসে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করবে।অত:পর সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত সদস্যগণ ১০ হাজার টাকা পর্যন্ত সুদসহ কৃষি ঋণ মওকুফের বিষয়ে তাদের পর্যবেক্ষণ ও মতামত তুলে ধরেন।

০২। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) অনারোপিত এবং Suspense হিসেবে রক্ষিত সুদ অবলোপনের পরিবর্তে মওকুফ করতে হবে, যাতে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা সম্পূর্ণ দায়মুক্ত হতে পারে।

(খ) কৃষি ঋণ গ্রহীতার ১০ হাজার টাকা পর্যন্ত সুদসহ কৃষি ঋণ মওকুফের বিষয়টি ব্যাংকসমূহ পর্যায়ক্রমে দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করবে। যেসকল গ্রাহকের কাগজপত্র সঠিক আছে তাদের ঋণ প্রথমেই মওকুফের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পর্যায়ক্রমে বাকীদের ঋণ মওকুফের ব্যবস্থা করতে হবে;

মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৫০০ তারিখঃ ০৭/০৪/২০২৬
উর্ধ্বতন মানিবি, জেএক্সে, এসএমই, কৃপঋণ, ঝুঁকি ও বাজেট
মহাব্যবস্থাপক

উপব্যবস্থাপনা পরিচালক-২ এর সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
পত্র নং ২২০৫ তারিখ ০৭/০৪/২৬
জিএম/ ৭
ডিএমডি-১

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ৭১৫৩ তাং ৩১.০৩.২৬
ডিএমডি-১/২/৩/জিএম/ডিজিএম ACD
আলোচনা করুন।
প্রয়োজনীয় পদক্ষেপ নিন।
উপস্থাপন করুন।
প্রাসংগিক বিষয়ে অবহিত করুন।
নির্ধারিত সময়ের মধ্যে উত্তর/তথ্য প্রেরণ করুন।
নথিভুক্ত করুন।
ব্যবস্থাপনা পরিচালক

সমন্বয় সভা সংক্রান্ত/নোটিশ

(গ) যেসকল গ্রাহকের কাগজপত্রে কোনো সমস্যা নেই তাদের তালিকা উপস্থাপনসহ ব্যাংকসমূহ পরবর্তী বোর্ড মিটিংয়ে অনুমোদনের ব্যবস্থা করবে;

(ঘ) কৃষি ঋণ মওকুফের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক স্পেশাল অডিট টিম গঠন করে দ্রুত নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করবে;

(ঙ) জালিয়াতির মাধ্যমে প্রদত্ত ঋণ ও বেনামী ঋণ মওকুফ করা যাবে না;

(চ) জেলা/ উপজেলা পর্যায়ে কৃষি ঋণ বিতরণ কমিটিতে দশ হাজার টাকা পর্যন্ত সুদসহ কৃষি ঋণ মওকুফের সরকারি সিদ্ধান্তের বিষয়টি আলোচনা করার জন্য সংশ্লিষ্ট ব্যাংক প্রতিনিধি উদ্যোগ গ্রহণ করবে, যাতে সরকারের এ সিদ্ধান্তের বিষয়টি সকল কৃষক অবহিত হতে পারে। এ বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে পত্র প্রেরণ করা হবে।

(ছ) সরকার কর্তৃক অর্থ প্রদানের সাথে সাথেই কৃষি ঋণ মওকুফকৃত কৃষকদের মামলা প্রত্যাহার করতে হবে এবং প্রতিমাসে এই সংক্রান্ত তথ্যাবলী বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করতে হবে;

(ছ) এ সপ্তাহের মধ্যেই ব্যাংকসমূহ এ বিষয়ে একটি বোর্ড সভার আয়োজন করবে;

(জ) ঋণ মওকুফকৃত ঋণগ্রহীতাদের তালিকা সংশ্লিষ্ট ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

(ঝ) প্রতি রবিবার ঋণ মওকুফ সংক্রান্ত তথ্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। পরিশেষে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( নাজমা মোবারেক )
সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

স্মারক নম্বর-৫৩.০০.০০০০.০০০.৩২১.২৮.০০০১.২৫.৪৪/১(২৫)

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩২ / ৩১ মার্চ ২০২৬

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। যুগ্মসচিব (কেন্দ্রীয় ও বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংক অধিশাখা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জনতা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বেসিক ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়, ঢাকা।

১১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক,প্রধান কার্যালয়, ঢাকা।

১২। ব্যবস্থাপনা পরিচালক, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১৪। ব্যবস্থাপনা পরিচালক,ব্যাংক এশিয়া পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১৫। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ব্র্যাক ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১৬। ব্যবস্থাপনা পরিচালক, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, ন্যাশনাল ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১৮। প্রশাসক, ইউনিয়ন ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

১৯। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, উত্তরা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

২০। অর্থ মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১।সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০১.০৩.২৬

( ফরিদা ইয়াসমিন )
যুগ্মসচিব